## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই মাঘ বুধবার ১৩৬৪ ইংরাজী 29th Jan. 1958 { ৩৬শ সংখ্যা

৯ই মাঘ ১৮৭৯ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই মাঘ বুধবার সন ১৩৬৪ সাল।

## ঘটনা বহুল জানুয়ারী

প্রাগ্‌জ্যোতিষপুরে নিখিল ভারত কংগ্রেসের অধিবেশন হইল দ্বিতীয় সপ্তাহে। গঙ্গাসাগর সঙ্গমে পুণ্যার্থীগণের সমাবেশ হইল। তৃতীয় সপ্তাহেই নেতাজীর জন্মদিন। ভারতে নেতার অভাব নাই কিন্তু নেতাজী বলিলে অন্য কাহাকেও না বুঝাইয়া বুঝায় বাংলার সুভাষচন্দ্রকে। ২৩শে তাঁহার জন্মোৎসব হইবার তিন দিন পরেই সাধারণতন্ত্র দিবস ২৬শে জানুয়ারী।

## সাধারণতন্ত্র দিবস

ইংরাজের অধীনতা শৃঙ্খল হইতে ভারত মুক্ত হইয়াছে ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট। সত্যকথা বলিতে কি ভারত সেদিন স্বাধীনতা বলিতে যা বুঝায় তা পায় নাই। ইংরাজ যা সেদিন দিয়াছিল তার নাম ডোমিনিয়ন ষ্টেটাস্। কাঙালের ছেলেকে যেমন ভুলাবার জন্য মা খিচুরী রাঁধিয়া ছেলের পোলাও খাবার সাধ মিটাইয়া তার কান্না বা আকাঙ্ক্ষার নিবৃত্তি করে, আমাদের মুরুব্বিরা এই ডোমিনিয়ন ষ্টেটাস্‌কেই স্বাধীনতা বলিয়া ১৫ই আগষ্টকে স্বাধীনতা দিবস বলিয়া ঘোষণা করিয়াছিলেন। পঞ্জিকাতেও ঐ ১৫ই আগষ্টকে শুভ দিনের তালিকায় স্বাধীনতা দিবস বলিয়া উল্লেখ করা হইয়াছে।

প্রতিবৎসর সাধারণতন্ত্র দিবসে দেশের সেবা কার্য্য করিবার জন্য শপথ গ্রহণ করার ব্যবস্থা আছে। নামে অনেকেই শপথ গ্রহণ করেন কিন্তু কাজের বেলায় স্বপথেই চলিয়া থাকেন। সাধারণতন্ত্র বা প্রজাতন্ত্রে দেশ শাসনের ভার প্রজা সাধারণের হাতেই ন্যস্ত হইয়াছে। দেশের জনসাধারণ তাহাদের প্রতিনিধি ভোট দিয়া নির্ব্বাচন করিয়াছেন। এই সব প্রতিনিধি রাজ্যসভা, পার্লিয়ামেন্ট প্রভৃতিতে উপস্থিত হইয়া শাসন কার্য্য পরিচালনার বিধান করেন। এই ভাবেই ছোট হইতে বড় এমন কি রাষ্ট্রপতি ও মন্ত্রিগণ সব সাধারণের হাতের গড়া বলা যাইতে পারে।

দেবতার প্রতিমার কাঠামোটা গড়ে সূত্রধর, মূর্ত্তি গড়ে কুম্ভকার বা অন্য কারিগর কিন্তু যখন পুরোহিত ঠাকুর সেই প্রতিমাকে বেদীতে বসাইয়া মন্ত্র পাঠ করিয়া ফুলজল অর্পণ করেন তখন সূত্রধরই বলুন আর ভাস্করই বলুন কিম্বা ভোগের জিনিস উৎপাদক কৃষকই বলুন ঠাকুর ঘরে উঠিবার কিম্বা দেব-প্রতিমার চরণ স্পর্শ করিতেও পায় না। আমাদের দেশে একটি ভাস্কর প্রতিমা নির্ম্মাণে খুব সিদ্ধহস্ত ছিল। তার দোষ ছিল সে মদ্যপায়ী। সে দুর্গা প্রতিমা নির্ম্মাণ ক'রে মহানবমীর দিন প্রাণ ভরে কারণ-বারি পান করে মহানন্দে গান ধরিয়াছে। কে যেন তাকে বলিল কারিকর একবার মায়ের নাম কর। ভাস্কর প্রতিমার সামনে এসে জোড় হাত করে গান ধরিল—

মা কে জানে তোমার ফন্দী
মাগো কে জানে তোমার ফন্দী।
তুঁষ পাট দিয়ে ছানিলাম মাটি
তাহাতে গড়ালাম দেবী ভগবতী
মায়ের চরণ কমলে, ভ্রমর গুঞ্জরে
জানি ভিতরে বিচালীর বুন্দী।

—০—

যথাধর্ম্ম দেশের সেবা করিবার জন্য শপথ অনুসারে কাজ হইলে অকাজ হওয়ার ভয় থাকিত না। এই সাধারণতন্ত্র উৎসবের মাত্র ৩।৪ দিন পূর্বে সরকারী নিমকভোগীদের যে অপকর্ম্ম ধরা পড়িয়াছে তাহাতে মনে হয় যে "বল মা তারা দাঁড়াই কোথা!" ভারত সরকারের শরীয়তী সরিক পাকিস্থান ভারতের যে শত্রুতা আরম্ভ করিয়াছে, তাহা শুনিলেও কাণে আঙ্গুল দিতে হয়। হুগলী জেলায় প্রায় ৭০০০ সাত হাজার পাকীস্থানী মুসলমান জান ভিসা ও জান পাশ লইয়া বসবাস আরম্ভ করিয়াছে। এই ষড়যন্ত্রের মধ্যে আছেন হুগলী জেলা শাসকের কন্‌ফিডেন্সিয়াল ক্লার্ক যাঁহার নিকট সমস্ত গোপন কাগজ পত্র রাখা হয়। কয়েকজন মোক্তার দালাল ইত্যাদি। শাসক থাকিলে তো শাসন হয় না তাঁহার অফিস যদি বিশ্বাসঘাতকে পূর্ণ হইয়া যায় তিনি কি করিবেন! সাধারণতন্ত্র দিনে উৎসব করিলে কি হইবে?

সসর্পে চ গৃহে বাসঃ
মৃত্যুরেব ন সংশয়ঃ।

## মহাত্মাজীর মহাপ্রয়াণ

রাজ্যব্যাপী সাধারণতন্ত্রের উৎসব, রাজধানীতে রাষ্ট্রপতির জল-স্থল-বিমান হইতে সৈনিকগণের অভিবাদন গ্রহণ, নৃত্য গীত থামতে না থামতেই জাতির জনকের আততায়ী হস্তে নিহত হওয়ার দিন সমাগত। রাজকার্য্য কত সমস্যাসঙ্কুল! রাষ্ট্রপতি হইতে আরম্ভ করিয়া ছোট বড় সকল রাজপুরুষদের এক চোকে হেসে এক চোকে কাঁদতে হয়। ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু কয়েক দিন পূর্ব্বে নিজের সম্বন্ধে রহস্য করিয়া বলিয়াছিলেন—আমাকে অভিনয় প্রদর্শক জীবের (পারফর্মিং এনিমল) মত এখান হইতে ওখান ছুটিয়া বেড়াইতে হইতেছে। কথাটি উপহাসছলে বলা হইলেও ইহার মূলে সত্যতা আছে।

## প্রজাতন্ত্র দিবস

গত ২৬শে জানুয়ারী রবিবার জঙ্গিপুর, রঘুনাথ-গঞ্জ সহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে প্রজাতন্ত্র দিবস যথারীতি পালন করা হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালতে মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহাশয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং পুলিশবাহিনীর অভিবাদন গ্রহণ করেন। ঐ সময় আদালত প্রাঙ্গণে সরকারী কর্ম্মচারিগণ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী ও বে-সরকারী অফিস সমূহে, সমস্ত বিদ্যালয়ে, যান-বাহনে এবং সাধারণ বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। জঙ্গিপুর কলেজে সর্ব্বধর্ম্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।

## কৃষি, শিল্প প্রদর্শনী

গত ২০শে হইতে ২৬শে জানুয়ারী পর্য্যন্ত ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনা সপ্তাহ পালনার্থে রঘুনাথগঞ্জ "ম্যাকেঞ্জি হলে" এক প্রদর্শনীর আয়োজন করা হইয়াছিল। প্রদর্শনীর মধ্যে কৃষিজাত এবং কুটির শিল্প দ্রব্যই প্রধান। এ ছাড়া পল্লীউন্নয়ন, জনস্বাস্থ্য, বৃহৎ শিল্প, পশুপালন, জনশিক্ষা ইত্যাদি বহু শিক্ষণীয় ও উন্নয়নমূলক চিত্রে সজ্জিত প্রদর্শনীটি বিশেষ আকর্ষণীয় হইয়াছিল এবং ইহা দেখিবার জন্য বহু জনসমাগম হইয়াছিল এবং তাঁহাদের ঐ চিত্রের মাধ্যমে ২য় পাঁচসালা পরিকল্পনার তাৎপর্য্য বুঝাইয়া দেওয়া হয়। প্রদর্শনীর মধ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান, ম্যাজিক, ছেলেমেয়েদের ক্রীড়ানুষ্ঠান, শিশুদের স্বাস্থ্য প্রতিযোগিতা ইত্যাদির ব্যবস্থা ছিল। প্রতিযোগিতার শেষে মাননীয় জঙ্গিপুর মহকুমা শাসকের পত্নী প্রতিযোগীদের পুরস্কার বিতরণ করেন। "মহকুমা প্রচার অফিস হইতে"

# দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ

## এগিয়ে চলেছে



**দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এই উৎসব উপলক্ষে স্মরণ রাখা ভালো**

যে প্রথম পরিকল্পনাতে ব্যয় হয়েছিল মাত্র ৭১ কোটি টাকা;—দ্বিতীয়টিতে হবে তার দ্বিগুণেরও বেশি—১৫৭.৭ কোটি টাকা। এই টাকার প্রতিটি নয়া পয়সা নিয়োজিত হবে—শিক্ষা ও শ্রমশিল্পের সম্প্রসারণে, জনস্বাস্থ্যের উন্নতিকল্পে, সেচ ও কৃষি-উৎপাদনের বৃদ্ধিতে এবং অনুন্নত সম্প্রদায়ের অক্ষমতামোচনে—এককথায় বলা যেতে পারে জনসাধারণের কল্যাণ ও উন্নতির প্রয়াসে।



কিন্তু শুধু টাকার সাহায্যে এই মহৎ কাজ সম্পন্ন হতে পারে না। দ্বিতীয় পরিকল্পনাটি আপনার, আমাদের, সকলের আর তাকে সফল করতে হলে দেশের প্রত্যেককে সমবেতভাবে কঠিন পরিশ্রম করতে হবে। আমাদের প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে—এই ব্রত উদ্‌যাপনের জন্য। এ পথে যখন আমরা একবার অগ্রসর হয়েছি তখন আর পিছনে ফিরে যাবার কথা উঠতেই পারে না।

আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবো

## পরিকল্পিত প্রগতির পথে

পশ্চিম বঙ্গ সরকার কর্তৃক প্রচারিত

## বৃক্ষ হইতে পতনে মৃত্যু

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত বাড়ালা গ্রামের আবেদ সেখ নামক এক ব্যক্তি শ্যাওড়া গাছ হইতে পড়িয়া গিয়া সাংঘাতিক ভাবে আহত হয়। তাহাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্ত্তি করা হয়। গত ২৭শে জানুয়ারী সোমবার বৈকালে তাহার মৃত্যু হইয়াছে। জ্বালানীর কাঠ সংগ্রহের জন্য সে ঐ গাছে উঠিয়াছিল বলিয়া প্রকাশ।

---

## চাঁদা দিতে অস্বীকার করায় দন্ত উৎপাটন

কলিকাতার সংবাদ পত্রে প্রকাশ—পরমু মণ্ডল নামক আমহার্ষ্ট ষ্ট্রীটের একজন তেলেভাজা বিক্রেতা সরস্বতী পূজার চাঁদা দিবে না বলায় মায়ের ভক্তদ্বয় উক্ত ব্যক্তির মুখমণ্ডলে ঘুষি মারিয়া তাহার দুইটী দাঁত ভাঙ্গিয়া ফেলিয়াছে। মুচিপাড়া থানার পুলিশ ভক্তদ্বয়কে গ্রেপ্তার করিয়াছে।

বড় সহরের বড় কথা আমাদের এই ক্ষুদ্র সহরেও চাঁদা আদায়ের উৎপাত বড় কম নহে। গৃহস্থ ও ব্যবসায়িরাও অনেকেই বিরক্ত সহকারে সাত পাঁচ ভাবিয়া চাঁদা দিয়াছেন। আগ্রহ সহকারে চাঁদা প্রদানকারীর সংখ্যা বিরল বলিয়াই মনে হয়।

মা বীণাপাণি! উৎকট ভক্তগণের হাত হইতে নিরীহ গৃহস্থগণকে রক্ষা কর মা!

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

২০২ থাং ডিঃ তারাপদ রায় দেং হাজি আবদুল মজিদ বিশ্বাস দিং দাবি ২৯৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ২-৮৩ শতকের কাত ১৬।৵১ পাই আঃ ২৫৲ থং ৭৩১

১৭৬ থাং ডিঃ সিদ্ধেশ্বর ঘোষাল দেং ভিকু সেখ দাবি ২২ টাকা ৫৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা।৩ কাঠার কাত ২৲ আঃ ১০৲ থং ১১৫২

১২৮ থাং ডিঃ ৺যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৪৭ টাকা ৩৩ নঃ পঃ থানা সুতী মৌজে কালীনগর ৬৭ শতকের কাত ৬।৴০ আঃ ৩৫৲ থং ১৯৯

২২৯ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং ননীবালা দাসী দিং দাবি ৫৭ টাকা ৭৫ নঃ পঃ থানা সুতী মৌজে চাঁদপুর ৬০১ শতকের কাত ৬৫৮ আঃ ২৫৲ থং ১১

১৬৭ থাং ডিঃ ট্রাষ্টি সুরেন্দ্রনারায়ণ সিংহ ও সেবাইত গোবিন্দদাস নাথ দেং দুর্গাপদ চট্টোপাধ্যায় দাবি ২৬২ টাকা ৫৫ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৮৯ শতকের কাত ৬৬।৵১০ আঃ ১০০৲ থং ২২৯

২১ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং ফজরালি সেখ দাবি ১৬ টাকা ৫৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ, মৌজে নশিপুর ৪২ শতকের কাত ১।৴০ আঃ ১০৲ থং ১৯৭

২০১ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং তাসুরুদ্দী সেখ দাবি ৩০ টাকা ৩৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ৬৭ শতকের কাত ১॥৴৬ আঃ ১০৲ থং ৮৫ স্থিতিবান স্বত্ব

২২৬ থাং ডিঃ ঐ দেং আবদুল রহিম মণ্ডল দাবি ২৭ টাকা ৭৫ নঃ পঃ থানা ঐ মৌজে নশিপুর ১৩০ শতকের কাত নিজাংশে ২॥০ থং ৬৩ ঐ স্বত্ব

১৪৬ থাং ডিঃ ঐ দেং ভাদু মাঝি দাবি ১৮ টাকা ৯৮ নঃ পঃ থানা ঐ মৌজে বহড়া নিজাংশে জমা ১।৶৩ আঃ ১০৲ থং ৪৩৩ ঐ স্বত্ব

২০০ থাং ডিঃ ঐ দেং আমির সেখ দিং দাবি ৭০ টাকা ৮৬ নঃ পঃ থানা ঐ মৌজে নশিপুর ১-১৯ শতকের কাত ৭॥৴৯ আঃ ২৫৲ ঐ স্বত্ব

২৬৫ থাং ডিঃ জিল্লার রহমান মিঞা দেং আবোল হোসেন নাঃ পক্ষে পিতা ও স্বয়ং নেসমহাম্মদ সেখ দিং দাবি ২০ টাকা ২৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে হবিপুর ১-৪৭ শতকের কাত ৬৲৩ আঃ ১০৲ থং ১৫

৪২ থাং ডিঃ চণ্ডিদাস সিংহ দিং দেং অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ৩৮ টাকা ৩ নঃ পঃ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ২৪ শতকের কাত ২।০ আঃ ৫৲ থং ২৮৫ স্থিতবান স্বত্ব

২৩৫ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং লালমহাম্মদ সেখ দাবি ১৯৩ টাকা ৫২ নঃ পঃ থানা সুতী মৌজে নারায়ণপুর ৪৫৩। জমির কাত ৩৲৫৵৯ আঃ ২০৲

২৩৬ থাং ডিঃ ঐ দেং পেসকার মণ্ডল দাবি ৩৯ টাকা ৩৪ নঃ পঃ মৌজাদি ঐ ২৭।৩।৶ জমির কাত ৪৫৴৩ আঃ ১০০৲

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৭ই ফেব্রুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

৯৯ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং জ্ঞানেন্দ্র হাজারি নাবালক পক্ষে অলি খুড়ি ঝাটনি হাজারনি দাবি ১৪ টাকা ৬৮ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ২০১ শতকের কাত ১॥৴১৫ আঃ ৫৲ থং ১৮

১০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৲ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ৩৫৴১৫ আঃ ৫৲ থং ৪৭৯।৪৪৯

১০৬ থাং ডিঃ ঐ দেং বিবি লখিমন নেসা দাবি ১৫ টাকা ৩৩ নঃ পঃ মৌজাদি ঐ ৬৭ শতকের কাত ২।৶৫ আঃ ৫৲ থং ১৩

২৪ মনি ডিঃ শিবদাস চট্টোপাধ্যায় দিং দেং চাহু বিবি দিং দাবি ৯৮১ টাকা ৪২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১০ শতক জমি আঃ ৫৲ থং ১৩৪; ২নং লাট মৌজাদি ঐ ১-৮৭ শতক জমি আঃ ৫০৲; ৩নং লাট মৌজাদি ঐ ১০১ শতক জমি আঃ ৪০৲ থং ৪৩০; ৪নং লাট মৌজাদি ঐ ৬২ শতক জমি আঃ ২৫৲ থং ২০

২৯ স্বত্ব ডিঃ গোপেশ্বর পাইন দেং আরিশ বেওয়া দিং দাবি ৬৭ টাকা ৯ নঃ পঃ থানা ফরক্কা মৌজে মমরেজপুর ২৫ শতকের কাত ।৵০ আঃ ১০৲ থং ৩০৪ ২নং লাট মৌজাদি ঐ ১-৮৮ শতক মধ্যে পশ্চিম ছ্যা ৬৬ শতক বাদে ১-২২ শতক মধ্যে ২নং দেন্দারের এক চতুর্থাংশ আঃ ১০৲ থং নং ৩০৫

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১০ই মার্চ্চ ১৯৫৮

১৯৫৬ সালের ডিক্রীজারী

২৪ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দিং দেং খুদিরাম মুখোপাধ্যায় দিং দাবি ১০৩ টাঃ ৩৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৩২ শতকের কাত ৪৵১০ আঃ ২৫৲ থং নং ১৯৭

---

# "পারফরমিং এনিমলের ফিউচার প্রস্পেক্ট"



একদা এক ধোপার গাধা কাপড়ের মোট বহিয়া যাইতেছিল। পথিমধ্যে এক সার্কাসের গাধার সহিত সাক্ষাৎ হওয়ায় উভয় গাধার মধ্যে নিম্নলিখিতরূপ কথোপকথন হইতে লাগিল :—

ধোপার গাধা—ভাই! তুমি তো সার্কাসের দলে থাক, কিন্তু তোমার শরীর অত কৃশ কেন? আমি যদিও ধোপার গাধা, মান সম্মান তোমার চেয়ে ঢের কম, তবুও ধোপা যেমন খাটায় তার উপযুক্ত খাবারও দেয়। তুমি কি খেতে পাও না ভাই?

সার্কাসের গাধা—খেতে পাই। তবে খাবার জিনিস—ঘাস, বিচালী বা দানা অপেক্ষা প্রভুর চাবুকই বেশী খাই। তাই ভাই, শরীর ভাল হয় না।

ধোপার গাধা—তবে, মরতে সার্কাসের দলে থাক কেন? কোন ধোপার বাড়ীতে থেকে আমারই মত মোট বইবে, আরে পেট ভ'রে না খেয়ে কি মারা যাবে? আর সার্কাসের দলে থেকো না।

সার্কাসের গাধা—দাদা, সাধে কি আর মার খেয়ে পড়ে থাকি? "ফিউচার প্রস্পেক্ট" আছে ব'লেই তো।

ধোপার গাধা—"ফিউচার প্রস্পেক্ট" কি আছে ভাই?

সার্কাসের গাধা—সাধে কি দাদা, না খেয়ে বেঁচে আছি, কেবল ঐ আশাটুকু আছে বলে। তবে শোন—আমার প্রভু তাঁহার এক তের বৎসরের কন্যাকে দিয়ে তারের উপর নাচ করান। প্রথমে হাতে ছাতা নিয়ে ভারকেন্দ্র ঠিক রাখে। তারপর ছাতা না নিয়ে নাচে। তারপর তার বাবা হুকুম করে—এক পায়ে তারের উপর নাচ করতে হবে। কন্যাটী তখন বলে—"বাবা এক পায়েরমে কেইসে নাচেঙ্গী গির যায়েঙ্গী বাবুজী।" তখন তার বাবা ক্রোধের সঙ্গে বলে—"দেখো বেটী গির পড়োগী তো এহি গাদ্ধাকা সাথ তেরী সাদি দে দেগা।" ভাই যদি কখনও পা ফসকে সেই সুন্দরী মেয়েটী নাচতে নাচতে একবারটি পড়ে তবে আমার সঙ্গে সাদি হবে এই আশায় না খেয়ে পড়ে থাকা। 'ফিউচার প্রস্পেক্ট' শুনলে?

যাঁহারা "ফিউচার প্রস্পেক্টের" লোভে এখন হইতে না খেয়ে না খেয়ে প্রভুর চাকরী করছেন তাঁদেরও আশা প্রভুর সর্ব্বোচ্চ কর্ম্মচারীর পদ পাবেন। তাঁদের 'ফিউচার প্রস্পেক্ট' এই গাধার মত নয় কি?

---

## সরস্বতী পূজা

এ বৎসর রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর সহরে অনেকগুলি এবং মহকুমার প্রায় প্রত্যেক পল্লীতে শ্রীশ্রীসরস্বতী দেবীর পূজার্চ্চনা হইয়াছে। পূজার আয়োজন অপেক্ষা প্রতিমা নিরঞ্জনের জাঁকজমকই বেশী দেখা গিয়াছে।

---

## টেণ্ডার আহ্বান

এতদ্দারা জনসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয় সংলগ্ন হিন্দু হোষ্টেল গৃহের মেরামত কার্য্য হইবে। Estimated মূল্য ২০০০৲ টাকা। যাঁহারা Tender দিতে ইচ্ছুক তাঁহারা আগামী ৪ঠা ফেব্রুয়ারী ১৯৫৮ সালের বেলা ৩টা মধ্যে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের নিকট Tender দিবেন। Estimate ও Specification উক্ত বিদ্যালয়ে বেলা ১১টা হইতে ৪টা মধ্যে দেখিতে পাইবেন।

২৯।১।৫৮ প্রধান শিক্ষক,
বাড়ালা রামদাস সেন উচ্চ বিদ্যালয়।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18

**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১।৴০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
[illegible]তেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড সন্স**

মহবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মু[illegible] ও প্রকাশিত